

বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং কমিটির সেপ্টেম্বর/২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার গত ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নম্বর- ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬-এর পরিপ্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের সিসমিক জরিপ মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি গত ০৪-১০-২০২২ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয়ে চলমান সিসমিক জরিপ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উক্ত সভায় সার্বিক দিক আলোচনা করে চারটি সিদ্ধান্ত গৃহীত হয় যা সিসমিক জরিপ কার্যক্রমকে ত্বরান্বিত করবে।

বাস্তবায়ন অগ্রগতি:

২.১। ২-ডি এবং ৩ডি সিসমিক জরিপ:

বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের বিগত বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি সিসমিক জরিপ সম্পাদিত হয়েছে। ব্লক ১৫ এবং ব্লক ২২ এলাকায় ১৮৩৭ লাইন কি.মি. ডাটা প্রাথমিকভাবে উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট অংশের জরিপ কার্যক্রমের আনুষঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে; আগামী নভেম্বর, ২০২২ মাসে ডাটা অ্যাকুইজিশন কার্যক্রম শুরু হবে। এছাড়াও, ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের জন্য যানবাহন ভাড়া ও জরিপ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে এবং অস্থায়ী জনবল নিয়োগে কারিগরি মূল্যায়ন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রীকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ডাটা অ্যাকুইজিশন কার্যক্রম আগামী নভেম্বর, ২০২২ মাসে শুরুর লক্ষ্যে আনুষঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে।

সিলেট গ্যাস ফিল্ড লিমিটেডের বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গকিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রম ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যেই সম্পন্ন হবে। মূল কার্য সম্পাদনের জন্য BGP Inc., China National Petroleum Corporation, China-এর সাথে গত ১৫-০৬-২০২২ তারিখে এসজিএফএল-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে ইকুইপমেন্ট, অ্যাকসেসরিজ ও ম্যাটেরিয়াল (এক্সপ্লোসিভসহ) মবিলাইজেশনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এছাড়াও অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক ডাটা অ্যাকুইজিশন কাজ পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম আমদানি করা হয়েছে। আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন হলে এই এলাকায় ২০২২-২৩ বছরে আংশিক অ্যাকুইজিশন সম্পন্ন হবে।

বিজিএফসিএলন এর হবিগঞ্জ ফিল্ড ও তদুৎসংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. বাখরাবাদ এবং মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে মোট ৩৬,৫৫০.০০ (ছত্তিশ হাজার পাঁচশত পঞ্চাশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২২ হতে জুন ২০২৬ ধরে “হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ” শীর্ষক ১টি প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হয়েছে। আলোচ্য প্রকল্পের অর্থায়ন বিষয়ে জিওবি হতে ৭০%, গ্যাস উন্নয়ন তহবিল হতে ২৫% ও কোম্পানির নিজস্ব তহবিল হতে ৫% হারে অর্থায়নের প্রত্যাশা অনুমোদন কামনা করা হয়েছে। কাজটি বাপেক্স-এর মাধ্যমে সম্পাদনের জন্য জন্য বাপেক্স এবং বিজিএফসিএল যৌথভাবে কাজ শুরু করেছে।

৩.০ মনিটরিং কমিটির সুপারিশ/সিদ্ধান্ত:


ক্রম	সুপারিশ/সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	২০২২-২৩ অর্থবছরে প্রতিটি প্রকল্পের সরেজমিন পরিদর্শনের সিডিউল প্রস্তুত করতে হবে;	বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.২	অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক-এর জন্য বিশ্ফোরক ও ডেটোনেটর অস্থায়ী মজুদের স্থানে স্থানান্তর হলে সিসমিক কার্যক্রম মনিটরিং টিম সরেজমিনে পরিদর্শন করবে;	এসজিএফএল, পেট্রোবাংলা এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম

১/২

৩.৩	প্রকল্পসমূহের অধীনে গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সময়মত যোগাযোগ রক্ষা করত সঠিক সময়ে কার্যক্রম সম্পাদন করতে হবে;	বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.৪	Project Steering Committee (PSC)/Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণীতে সংশ্লিষ্ট জরিপ কার্যক্রমে সূচকের চূড়ান্ত অর্জন সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং অর্জনের অংগভিত্তিক বিবরণ থাকতে হবে।	বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক




মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি



এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক
পেট্রোবাংলা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি



শাকিল আহমেদ
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি



মোঃ আঃ খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি